## ৯৩ নং তাল-কাওয়ালী

মান অপমান যাহার সমান, তার মত আর মানী কে।
শুভ অশুভ সমজ্ঞান, তার তুল্য নাই ত্রিলোকে।।
১। তৃণ হতে সুনীচেন, তার কাছে নাই অভিমান।
প্রাপ্ত হয়ে তত্ত্বজ্ঞান, ভাসে প্রেম পুলকে।।
২। তরুরেব সহিষ্ণুতা, অমানীন মান দাতা।
সদয় বলে হরি কথা, অন্য বুলি নাই মুখে।।
৩। সুখে দুঃখে সদাই খুশী, ভক্তি মুক্তি হয় তার দাসী।
ধর্ম্ম পুণ্য দিবানিশি স্থান দিতে চায় মস্তকে।
৪। তাতে না হয় বশীভূত, মহা ভাবেতে উন্মত্ত।
জীবকে দিতে গুরুতত্ত্ব, ভ্রমণ করে ভূলোকে।।
৫। নিজের হেতু নাইকো মোটে, জীবের জন্য ভবের হাটে।
হয়ে জীবের পারের মুটে, জীবকে পাঠায় গোলোকে।।
৬। মহনন্দ হয়ে দৈন্য, কেঁদে ফেরে জীবের জন্য।
অশ্বিনী তুই ভক্তি শূন্য, মত্ত হলি ঐহিকে।।

## ৯৪ নং তাল-একতালা

কি মধুর নাম আনলেন হরি, জীবের ভাগ্য ক্রমে।
নামে জগৎ মাতিল, বাকী নাহি র'ল, মধুর হরিনামে।।
১। এ যে অনর্পিত নাম, হরি গুণধাম, অর্পিলেন ধরাধামে।
করতে পাষণ্ড দলন, যশোমন্ত নন্দন, মজাল রাধা প্রেমে।।
২। পিয়ে হরিনাম সুধা, গেল ভব ক্ষুধা, পাষণ্ড হৃদয় রমে।
আহা না কর বিরাম, মধুর হরিনাম লওরে দোমে দোমে।।
৩। নাম ব্রহ্মার বাঞ্ছিত, তুলনা রহিত, অবর্ণিত বেদাগমে।
এবার নামের কল্লোলে, প্রেমের হিল্লোলে, ঢেউ উঠেছে ব্যোমে।।